



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
শ্রম অধিদপ্তর  
সালিশী শাখা  
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি বিজয়নগর,  
ঢাকা- ১০০০  
www.dol.gov.bd

তারিখ: ১৫ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
২৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৫.৯৯.০০৩.২২.২৫

**বিষয়: কর্ম-পরিবেশ উন্নয়ন (পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি) প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫ অনুযায়ী শ্রম অধিদপ্তরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার সূচক নং ১.৫ মোতাবেক ৩য় ত্রৈমাসিকে আগামী ৩০/০১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে শ্রম অধিদপ্তরের কর্ম-পরিবেশ উন্নয়ন (পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি) কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, লক্ষ্যমাত্রা অর্জনে শ্রম অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর অফিস কক্ষ, ওয়াশরুম এবং করিডর অধিকতর পরিষ্কার পরিচ্ছন্ন রাখার নিমিত্ত বিশেষ পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা পূর্বক তার প্রমানক (সংশ্লিষ্ট পত্র, কার্যক্রম সম্পাদনকালীন ধারনকৃত ছবি / ভিডিও) আগামী ০৪/০২/২০২৫ খ্রি: তারিখের মধ্যে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তার বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৯-০১-২০২৫  
আবু আশরীফ মাহমুদ  
পরিচালক (প্রশাসন)  
০২২২৬৬৬৩৫০৭  
ashrif.mahmud@dol.gov.bd

উপ-পরিচালক (হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর।

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৫.৯৯.০০৩.২২.২৫/১ (২)

তারিখ: ১৫ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
২৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সহকারী পরিচালক, তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল, শ্রম অধিদপ্তর (শ্রম অধিদপ্তরের ওয়েবসাইট ও শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



*মিনু আফরোজ*

২৯-০১-২০২৫

মিনু আফরোজ

উপ পরিচালক ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার